অতি জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক অধিশাখা-৬

পরিপত্র

স্মারক নম্বর-৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০১৫-১২৭ তারিখঃ ২৩/০৩/২০১৭ খ্রিঃ।

বিষয় ঃ কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন-২০১৭

আগামী ৩০ মার্চ, ২০১৭ তারিখে কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের বিষয়ে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর যথাযথ ভূমিকার উপর সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠান বহুলাংশে নির্ভর করে। আইন প্রয়োগকারী সংস্থাসমূহ সততা, নিরপেক্ষতা ও নিষ্ঠার সাথে তাদের উপর অর্পিত দায়িত্ব পালন করলে অবশ্যই সুষ্ঠু ও সুন্দরভাবে কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠান করা সম্ভব হবে।

২। নির্বাচন কমিশন কর্তৃক কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষায় পুলিশ, বিজিবি, র‌্যাব, আনসার ও ভিডিপি, এবং ব্যাটালিয়ন আনসার নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ লক্ষ্যে নির্বাচনি এলাকার প্রতিটি ভোটকেন্দ্রে পুলিশ এবং আনসার ও ভিডিপি সদস্য নিম্নরূপে মোতায়েন করা হবে ঃ

সাধারণ ভোটকেন্দ্র	গুরুত্বপূর্ণ ভোটকেন্দ্র
(১) পুলিশ-৭ জন (অস্ত্রসহ)[১ জন এসআই, ১ জন এএসআই/এনসিও ও ৫ জন কনস্টেবল]	(১) পুলিশ-৭ জন (অস্ত্রসহ)[১ জন এসআই, ১ জন এএসআই ও ৫ জন কনস্টেবল]
(২) ব্যাটালিয়ন আনসার-১ জন (অস্ত্রসহ)	(২) ব্যাটালিয়ন আনসার-৩ জন (অস্ত্রসহ)
(৩) অঙ্গীভূত আনসার-১ পিসি (অস্ত্রসহ)	(৩) অঙ্গীভূত আনসার-১ পিসি (অস্ত্রসহ)
(৪) অঙ্গীভূত আনসার-১ এপিসি (অস্ত্রসহ)	(৪) অঙ্গীভূত আনসার-১ এপিসি (অস্ত্রসহ)
(৫) অঙ্গীভূত আনসার/ভিডিপি সদস্য-১২ জন (লাঠিসহ) [মহিলা-৫, পুরুষ-৭]	(৫) অঙ্গীভূত আনসার/ভিডিপি সদস্য-১২ জন (লাঠিসহ) [মহিলা-৫, পুরুষ-৭]
মোট=২২ জন	মোট=২৪ জন

(ক) যতদূর সম্ভব মহিলা ভোটকেন্দ্রে অঙ্গীভূত মহিলা আনসার এবং পুরুষ ভোটকেন্দ্রে অঙ্গীভূত পুরুষ আনসার নিয়োগ করতে হবে।

(খ) ভোটকেন্দ্রে নিয়োজিত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ভোটগ্রহণের পূর্ববর্তী ০২(দুই) দিন, ভোটগ্রহণের দিন এবং ভোটগ্রহণের পরবর্তী ০১(এক) দিনসহ মোট ০৪(চার) দিনের জন্য নিয়োজিত থাকবে;

৩। **মোবাইল টিম ও স্ট্রাইকিং ফোর্স নিয়োগঃ** কুমিল্লা সিটি কর্পোরেশনের নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষার্থে মোবাইল/স্ট্রাইকিং ফোর্স হিসেবে দায়িত্ব পালনের জন্য নিম্নরূপভাবে অথবা বাস্তবতা বিবেচনায় অধিক হারে পুলিশ, এপিবিএন, ব্যাটালিয়ন আনসার, র‌্যাব ও বিজিবি মোতায়েন করতে হবে ঃ

সিটি কর্পোরেশনের নাম	সংরক্ষিত ওয়ার্ড সংখ্যা	সাধারণ ওয়ার্ড সংখ্যা	ভোট কেন্দ্রের সংখ্যা	পুলিশ, এপিবিএন ও ব্যাটালিয়ন আনসার-এর সমন্বয়ে		আনসার ও ভিডিপি'র বিশেষ স্ট্রাইকিং ফোর্স (প্রতি ৩টি সংরক্ষিত ওয়ার্ডের জন্য ১টি)	র‌্যাব (প্রতিটি সাধারণ ওয়ার্ডের জন্য ১টি)	বিজিবি (প্রতি ২ ওয়ার্ডে ১ প্লাটুন)
				মোবাইল ফোর্স (প্রতিটি সাধারণ ওয়ার্ডে ১টি)	স্ট্রাইকিং ফোর্স (প্রতি ০৩টি সাধারণ ওয়ার্ডে ১টি)			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
কুমিল্লা সিটি কর্পোরেশন	০৯	২৭	১০৩	২৭	০৯	০৩	২৭	১৭ প্লাটুন

(ক) মোবাইল/স্ট্রাইকিং ফোর্স হিসেবে ভোটগ্রহণের দিন এবং তার আগে ২(দুই) দিন ও পরে ১(এক) দিন মোট ৪(চার) দিন **অর্থাৎ ২৮ মার্চ, ২০১৭ হতে ৩১ মার্চ, ২০১৭** তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করবে।

(খ) স্ট্রাইকিং ফোর্স হিসেবে ভোটকেন্দ্রের বাহিরে র‌্যাব/পুলিশ/আনসার ও ভিডিপি'র টিম নিয়োগ করতে হবে।

(গ) তাছাড়া ০৯(নয়) প্লাটুন বিজিবি রির্জাভ ফোর্স হিসেবে সংরক্ষিত থাকবে।

(ঘ) মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স নির্বাহী ম্যাজিস্ট্রেটসহ দায়িত্ব পালন করবে।

৪। **ম্যাজিস্ট্রেট নিয়োগঃ**

(ক) **এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগঃ** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ অনুযায়ী নির্বাচনি আচরণ বিধি লঙ্ঘন সংক্রান্ত মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যে মোট ৩৬ (ছত্রিশ) জন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হবে। উক্ত ম্যাজিস্ট্রেটগণের মধ্যে ০৯ (নয়) জনকে প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ১৫ মার্চ ২০১৭ হতে ভোটগ্রহণের পরের দিন অর্থাৎ ৩১ মার্চ, ২০১৭ তারিখ পর্যন্ত মোট ১৭ (সতের) দিনের জন্য এবং অবশিষ্ট ২৭ (সাতাশ) জনকে নির্বাচনি এলাকায় ভোটগ্রহণের পূর্বের দুই দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দিন অর্থাৎ ২৮ মার্চ, ২০১৭ হতে ৩১ মার্চ, ২০১৭ তারিখ পর্যন্ত মোট ০৪ (চার) দিনের জন্য আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত মোবাইল টিমের সাথে দায়িত্ব পালন করতে হবে। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের সংশ্লিষ্ট তথ্যাটি নিম্নে দেয়া হলোঃ

সিটি কর্পোরেশনের নাম	তারিখ	দিন	এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের সংখ্যা
কুমিল্লা সিটি কর্পোরেশন	১৫/০৩/২০১৭ হতে ৩১/০৩/২০১৭	১৭ দিন	০৯ জন
	২৮/০৩/২০১৭ হতে ৩১/০৩/২০১৭	০৪ দিন	২৭ জন

(খ) **জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগঃ** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৮৬ এ বর্ণিত ক্ষমতাবলে কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচনি এলাকায় বিধি- ৭২, ৭৪, ৭৫, ৭৬, বিধি-৭৭ এর উপ-বিধি (১) এবং বিধি-৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ সংক্ষিপ্ত বিচার সংক্রান্ত বিধানাবলী অনুযায়ী ফৌজদারী কার্যবিধির ধারা-১৯০ এর উপ-ধারা (১) এর অধীন বিচারার্থে আমলে নেয়ার জন্য কুমিল্লা সিটি কর্পোরেশনে ২৭ (সাতাইশ)টি সাধারণ ওয়ার্ডের প্রতি ০৩ (তিন)টি ওয়ার্ডের জন্য ০১ (এক) জন করে মোট ০৯ (নয়) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করতে হবে। উক্ত ম্যাজিস্ট্রেটগণকে নির্বাচনি এলাকার ভোটগ্রহণের পূর্বের দুই দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দিন অর্থাৎ ২৮ মার্চ, ২০১৭ তারিখ হতে ৩১ মার্চ, ২০১৭ তারিখ পর্যন্ত মোট ০৪ (চার) দিনের জন্য দায়িত্ব পালন করবেন। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণের সংশ্লিষ্ট তথ্যাদি নিম্নে দেয়া হলোঃ

সিটি কর্পোরেশনের নাম	তারিখ	দিন	এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের সংখ্যা
কুমিল্লা সিটি কর্পোরেশন	২৮/০৩/২০১৭ হতে ৩১/০৩/২০১৭	০৪ দিন	০৯ জন

৫। **নিরাপত্তা পরিকল্পনা গ্রহণঃ** সামগ্রিক নিরাপত্তা এবং নিরাপত্তা বিধানে সকল আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিয়োগ ইত্যাদি দায়িত্বে থাকবেন রিটার্নিং অফিসার। তবে নির্বাচনি এলাকায় মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স নিয়োগে পুলিশ সুপার, জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের সাথে পরামর্শক্রমে এ সংক্রান্ত পরিকল্পনা গ্রহণ করবেন এবং ভোটগ্রহণের অন্ততপক্ষে ০৩(তিন) দিন পূর্বে নির্বাচন কমিশনকে সংশ্লিষ্ট পুলিশ সুপার সার্বিক নিরাপত্তা পরিকল্পনা প্রেরণ করবেন।

৬। **আইন-শৃঙ্খলা সমন্বয় সেলঃ** রির্টানিং অফিসারের কার্যালয়ে নির্বাচনের ৩ (তিন) দিন পূর্ব হতে নির্বাচনের দিন পর্যন্ত মোট ০৪ (চার) দিনের জন্য আইন-শৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল স্থাপন করতে হবে। এ সেলে জেলা প্রশাসনের প্রতিনিধিসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একজন করে প্রতিনিধি থাকবেন। এ সেল আইন-শৃঙ্খলা পর্যবেক্ষণ করবেন। প্রাপ্ত পরিস্থিতি সম্পর্কে নির্বাচন কমিশনকে অবহিত রাখবেন।

৭। **আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর জন্য অর্থ বরাদ্দঃ** সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে বিভিন্ন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চাহিদার ভিত্তিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক অর্থ বরাদ্দের প্রস্তাব নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে। বিভিন্ন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসারে বাজেট যৌক্তিক সময়ের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করলে ভোটগ্রহণের দিনের পূর্বের দিন অর্থ বরাদ্দ করা যাবে।

৮। **যন্ত্রচালিত নৌ-যান/স্থল যানবাহন চলাচলের ওপর নিষেধাজ্ঞা আরোপঃ** কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে **২৯ মার্চ, ২০১৭** তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে **৩০ মার্চ, ২০১৭** তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নির্বাচনি এলাকায় কতিপয় নৌ-যান/স্থল যানবাহন যেমন-লঞ্চ ও স্পীড বোট, ট্যাক্সি ক্যাব, বেবীট্যাক্সি/অটোরিক্সা, মাইক্রোবাস, জীপ, পিকআপ, কার,